

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে  
প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ তারিখ: ১৭/০১/২০১৮ থেকে ০৩/০২/২০১৮ পর্যন্ত  
প্রাথমিক আবেদন ফরম জমার তারিখ: ১৮/০১/২০১৮ থেকে ০৪/০২/২০১৮ পর্যন্ত

১। আবেদনের সাধারণ যোগ্যতা

- ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১৩/২০১৪/২০১৫ সালের এস.এস.সি/সমমান এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- খ) ২০১৩/২০১৪/২০১৫ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে এ ধরনের প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে।
- গ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নথরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে।
- ঘ) একই শিক্ষাবর্ষে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। এছাড়াও স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- (ক) অন-লাইন হতে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম ০২ (দুই) কপি;  
(ক) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের সত্যায়িত নথরপত্রের ফটোকপি;  
(খ) রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;  
(গ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।

কলেজ ক্যাশ শাখা হতে প্রাথমিক আবেদন ফরম ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও কলেজ প্রসপেক্টাস-এর জন্য নির্ধারিত ফি ৩০/- (ত্রিশ) টাকা জমাদানের রশিদ গ্রহণ করে সাউথ ইস্ট ব্যাংক লিঃ, কলেজ বুথ (বিজ্ঞান ভবন), দিনাজপুর-এ জমা দিয়ে আবেদন ফরম আহ্বায়ক/ভর্তি কমিটির নিকট কলা ভবনের নীচ তলায় (প্রবেশমুখে) জমা দিতে হবে। উল্লেখ্য, ব্যাংক খোলা থাকা সাপেক্ষে সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত আবেদনপত্র জমা নেয়া হবে।

- ৩। বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions) Degree Pass Tab এ গিয়ে Apply (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য হুকে প্রার্থীর তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর

(মো: রোজাহিন)

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ভর্তি কমিটি ২০১৭-২০১৮  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর